দৈনিক
ইত্তেফাক

তারিখ AUG. 1 5 2006
পৃষ্ঠা ২০ কলাম ৩

# ভবিষ্যৎ গড়তে প্রয়োজন একীভূত শিক্ষা

## রাজনীতি থেকে ছাত্রদের বাইরে রাখার পরামর্শ নাগরিক কমিটির

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

নাগরিক কমিটি ২০০৬ আয়োজিত বিশেষজ্ঞ পরামর্শ সভায় বক্তারা বলেছেন, দেশের ভ গড়ে তোলার জন্য প্রয়োজন একীভূত শিক্ষা। তারা রাজনীতি থেকে ছাত্রদের বাইরে রাখারও প দিয়েছেন।

গতকাল সোমবার 'বাংলাদেশ রূপকথা-২০২১' শীর্ষক সিরিজ সভার 'একটি সুদক্ষ ও সৃজ জনশক্তি' শীর্ষক বিশেষজ্ঞ সভা অনুষ্ঠিত হয় নগরির সিরডাপ মিলনায়তনে। এতে বক্তব্য রাখে আনিসুজ্জামান, ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য, ডঃ জাফর ইকবাল, হাফিজ জি এ সিদ্দিকী, ডঃ সি রহমান, কাজী রফিকুল আলম, ডঃ আসাদুজ্জামান, শাহেদা ওবায়েদ প্রমুখ।

ডঃ আনিসুজ্জামান বলেন, কেবল উচ্চ ডিগ্রীধারী ব্যক্তি যে মানুষ হিসাবে ভালো হবে-তা নয়, মূল্যবোধের শিক্ষা নিতে হবে। তিনি বলেন, মৌলিক শিক্ষার (১৯শ পৃঃ ১-এর ক

### ভবিষ্যৎ গড়তে

(২০শ পৃঃ পর)

উন্নয়ন হলেই কেবল সঠিক ও সৃজনশীল জনশক্তি রূপান্তর সম্ভব।

ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কেবল সার্টিফিকেটধারী মানুষ দিয়ে এ দেশের ভবিষ্যৎ উন্নতি করা সম্ভব নয়। ২০২১ সাল নাগাদ ্যকারের অর্থে একটি গতিশীল অর্থনৈতিক ামো দাঁড় করানো ও বিস্তৃতভাবে ্প্রযুক্তি-সহায় শাসন কাজ পরিচালনার জন্য ন থেকে উপযুক্ত শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা রী। তিনি বলেন, এজন্য মাধ্যমিক স্তর পর্যন্ত ার সার্বজনীন সুযোগ সৃষ্টি করতে হবে। টি সুসংহত ও একীভূত শিক্ষা ব্যবস্থা চালু ত হবে। বিদ্যায়তনের সব স্তরে সমমানের ার প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তুলতে ।

ডঃ জাফর ইকবাল বলেন, ভবিষ্যতে া মাপের মানুষ পেতে এবং সুন্দর একটি াদেশের জন্য একীভূত শিক্ষা ব্যবস্থা চালু ত হবে। এ শিক্ষা ব্যবস্থা চালু হলে বাংলা য়াম বা ইংলিশ মিডিয়াম বা মাদ্রাসা য়ামের শিক্ষার্থীরা সমান তালে এগিয়ে ত পারবে। তিনি বলেন, রাজনৈতিক দলগুলোর উচিত ছিল ছাত্রদের রাজনীতিতে না লাগানো। কিন্তু তা না করে ছাত্রদেরকে তারা রাজনীতির দিকে ঠেলে দিয়ে জীবন ধ্বংস করাচ্ছে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের হাফিজ জি এ সিদ্দিকী বলেন, উচ্চ শিক্ষাকে জোর দিতে হবে। কারণ ভালো শিক্ষক চাইলে অবশ্যই আসবে উচ্চ শিক্ষার কথা। যে পরিকল্পনাগুলো আগে করা হয়েছে, সেখানে দক্ষ জনগোষ্ঠীর কথা সঠিকভাবে বলা হয়নি। দক্ষ জনগোষ্ঠী কেবল হলেই হবে না, অবশ্যই সৃজনশীল জনশক্তি গড়ার প্রতি জোর দিতে হবে। এমন শিক্ষা দিতে হবে, যাতে আন্তর্জাতিকতার বিষয়ও মাথায় রাখতে হবে। তিনি বলেন, কেবল ফার্স্ট ক্লাস থাকলেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে পারে না। তাই ভালো শিক্ষক তৈরীর জন্য প্রোগ্রাম হাতে নিতে হবে। এজন্য সরকার এগিয়ে আসতে পারে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডঃ সিদ্দিকুর রহমান বলেন, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের জন্য সমান শিক্ষার ব্যবস্থা করতে হবে। তিনি বলেন, আমরা যদি আলোকিত মানুষ তৈরী না করতে পারি, তার দ্বারা সমাজ উপকৃত হবে না।

আহসানিয়া বিশ্ববিদ্যালয়ের কাজী রফিকুল আলম বলেন, সবার জন্য শিক্ষার ব্যবস্থা করতে হবে। যারা বয়স্ক, যারা শিক্ষাজীবন থেকে ঝরে পড়েছেন তাদের সবার জন্যই শিক্ষার ব্যবস্থা করতে হবে। তিনি বলেন, প্রাইভেট ও সরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে জবাবদিহিতা থাকতে হবে। তিনি শিক্ষা ঋণের ব্যবস্থা করার আহবান জানান। তিনি বলেন,. জাতীয় বিশ্ববিদ্যালয়ে যা হচ্ছে, তা দুঃখজনক। সেখানে সার্টিফিকেট কেনা-বেচা হচ্ছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ডঃ আসাদুজ্জামান বলেন, দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে হলে প্রাথমিক শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে। এখন কোচিং সেন্টার হচ্ছে, বেশী নাম্বার পাওয়ার কৌশল শেখা হচ্ছে। সত্যিকারের মানুষ হওয়ার কোন চেষ্টা নেই। আমরা ডিগ্রী দিচ্ছি, শিক্ষা দিচ্ছি না। তিনি বলেন, শিক্ষকদের দায়িত্ব থেকে আমরা অনেক দূরে সরে গিয়েছি। শিক্ষকদের আত্মনিবেদিত হতে হবে।